

India's Right of Reply during virtual CICA Special Ministerial Meeting on 24 September 2020 (In response to remarks by Foreign Minister of Pakistan, Mr. Shah Mahmood Qureshi)

September 24, 2020

24 সেপ্টেম্বর 2020 তে অনুষ্ঠিত সিআইসিএ এর মন্ত্রীস্তরীয় বিশেষ ভার্চুয়াল বৈঠক চলাকালীন ভারতের উত্তর দেবার অধিকার(পাকিস্তানের বিদেশমন্ত্রী মিস্টার শাহ মাহমুদ কুরেশির মন্তব্যের প্রতিক্রিয়ায়)
সেপ্টেম্বর 24,2020

দুর্ভাগ্যবশত পাকিস্তান ভারতের সম্বন্ধে তার ধারাবাহিক মিথ্যা বিবৃতি দেওয়ার জন্য আর একটি ফোরামের অপব্যবহার করল। কেন্দ্র শাসিত অঞ্চল জম্মু এবং কাশ্মীর এবং লাদাক ভারতের অবিচ্ছেদ্য অংশ ছিল এবং থাকবে। ভারতের অভ্যন্তরীণ বিষয়ের উপর মন্তব্যের মাধ্যমে ভারতের অধিকারে হস্তক্ষেপ করার কোন অধিকার পাকিস্তানের নেই।

পাকিস্তানের করা আজকের মন্তব্য ভারতের অভ্যন্তরীণ বিষয়, সার্বভৌমত্ব এবং আঞ্চলিক অখন্ডতার উপর নির্লজ্জ হস্তক্ষেপ যা সিআইসিএ এর সদস্য দেশগুলির মধ্যে সম্পর্কের বিষয়ে তৈরি পথনির্দেশকারী নীতিসমূহের উপর 1999 সালের সেপ্টেম্বরে সিআইসিএ এর ঘোষণার সাথে সামঞ্জস্যবিহীন।

পাকিস্তান হচ্ছে বিশ্ব সন্ত্রাসবাদের উৎপত্তিস্থল এবং ভারতে ঘটে চলা সন্ত্রাসবাদী কাজকর্মের ধারাবাহিক উৎস। ভারতের বিরুদ্ধে চলতে থাকা সন্ত্রাসবাদকে অনুদান দেওয়া বন্ধ করা এবং তার প্রতি প্রকাশ্য ও গোপন সমর্থন বন্ধ করার জন্য আমরা পাকিস্তানকে পরামর্শ দিচ্ছি। এই গুরুত্বপূর্ণ ফোরামকে করণীয় কার্যাবলী থেকে বিক্ষিপ্ত করার পরিবর্তে এই পরামর্শ দুই দেশকে দ্বিপাক্ষিকভাবে নিযুক্ত হতে এবং সমস্যাগুলি সমাধান করতে সমর্থ করবে।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 24,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.

